দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 12 OCT 1998 ...
পৃঃ ৬ কলাম ... ৫ ...

২৭

# নতুন শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলায় মুসলিম বিজ্ঞানী ও শিক্ষাবিদদের প্রস্তুতি নিতে হবে ॥

## আইআইটি'র সমাবর্তনে প্রধানমন্ত্রী

**গাজীপুর, ১১ অক্টোবর (ইউএনবি)** ।-প্রধানমন্ত্রী শেখ হাসিনা নতুন শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা এবং মুসলিম উম্মাহ'র হারানো গৌরব পুনরুদ্ধারে প্রস্তুতি গ্রহণের জন্য মুসলমান পণ্ডিত, বিজ্ঞানী ও শিক্ষাবিদদের প্রতি আহ্বান জানিয়েছেন।

তিনি বিজ্ঞান ও প্রযুক্তি ক্ষেত্রে মুসলমানদের অতীত গৌরবের কথা উল্লেখ করে বলেন, গোটা বিশ্ব যখন অজ্ঞতা ও কুসংস্কারের অন্ধকারে নিমজ্জিত ছিল মুসলিম পণ্ডিতরা তখন জ্ঞানের প্রদীপ প্রজ্বলিত করেন।

প্রধানমন্ত্রী রবিবার সকালে এখানে ইসলামিক ইনস্টিটিউট অব টেকনোলজির (আইআইটি) দ্বাদশ সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দিচ্ছিলেন।

শেখ হাসিনা বলেন, আইআইটি যৌথ ইসলামী উদ্যোগের একটি উজ্জ্বল দৃষ্টান্ত এবং এটা বিরাট গর্ব ও সম্মানের বিষয় যে, এ ধরনের মর্যাদাপূর্ণ প্রতিষ্ঠানের স্থান হিসাবে বাংলাদেশকে বেছে নেয়া হয়েছে।

ওআইসি সদস্যদের পরিচালিত এই আন্তর্জাতিক প্রতিষ্ঠান থেকে এ বছর ১৫টি দেশের ৯৬ জন ছাত্রকে গ্র্যাজুয়েট ও পোস্ট গ্র্যাজুয়েট ডিগ্রী প্রদান করা হয়। বাংলাদেশের সৈয়দ সিদ্দিক হোসেন কারিগরি শিক্ষায় মাস্টার অব সায়েন্সে কৃতিত্বপূর্ণ সাফল্যের জন্য ওআইসি ও আইআইটি স্বর্ণপদক লাভ করেন।

প্রধানমন্ত্রী সমাবর্তন পোশাক পরিধান করে শোভাযাত্রায় নেতৃত্ব দিয়ে অনুষ্ঠানস্থলে প্রবেশ করেন এবং গ্র্যাজুয়েটদের কাছে সনদপত্র হস্তান্তর করেন। ওআইসি'র সহকারী মহাসচিব রাষ্ট্রদূত খালিদ সেলিমও অনুষ্ঠানে যোগদান করেন এবং ওআইসি মহাসচিব ডঃ আজেদিন লরাকির বাণী পড়ে শোনান। আইআইটি'র মহাপরিচালক অধ্যাপক এএম পাটোয়ারী এবং রেজিস্ট্রার এম খলিলুর রহমানও অনুষ্ঠানে বক্তব্য রাখেন। পররাষ্ট্রমন্ত্রী আব্দুস সামাদ আজাদ, শিক্ষামন্ত্রী এএইচকে সাদেক, শ্রমমন্ত্রী এমএ মান্নান শোভাযাত্রায় অংশ নেন। স্থানীয় সংসদ সদস্য রহমত আলী, আখতারুজ্জামান ও আহসান উল্লাহ মাস্টার এবং স্থানীয় গণমান্য ব্যক্তি ও দেশের বিশিষ্ট শিক্ষাবিদগণ সমাবর্তন অনুষ্ঠানে যোগদান করেন।

প্রধানমন্ত্রী বলেন, এই ইনস্টিটিউটের প্রতি ওআইসি এবং সদস্য দেশসমূহের গভীর আগ্রহ ও অঙ্গীকারে তিনি খুশি। আইআইটি'র প্রতি সরকারের অব্যাহত সমর্থনের আশ্বাস দিয়ে তিনি বলেন, এই ইনস্টিটিউট উত্তরোত্তর শক্তিশালী হবে।

প্রধানমন্ত্রী বলেন, আইআইটি'র প্রশিক্ষণপ্রাপ্ত প্রকৌশলীরা ইসলামী উম্মাহ'র কারিগরি উন্নয়নে অবদান রাখতে সক্ষম হবেন।

শেখ হাসিনা বলেন, তাঁকে জানানো হয়েছে যে, আইআইটি তার দ্বিতীয় ডরমিটরির জন্য ইসলামী উন্নয়ন ব্যাংকের সঙ্গে ২৫ লাখ ডলারের একটি ঋণ চুক্তি স্বাক্ষর করেছে।

প্রধানমন্ত্রী ভয়াবহ বন্যার কথা উল্লেখ করে বন্ধুপ্রতীম দেশ এবং ওআইসিসহ আন্তর্জাতিক সংস্থাসমূহের সাহায্য-সহযোগিতার বিষয়টি গভীর কৃতজ্ঞতার সঙ্গে স্মরণ করেন। তিনি আইআইটি গবর্নিং বোর্ডের ২৩তম বৈঠকও উদ্বোধন করেন এবং আইআইটি'র দ্বিতীয় ডরমিটরি ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন করেন।